

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২৩-আইন/২০১৭।—বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ (২০১৬ সনের ৪ নং আইন) এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ (২০১৬ সনের ৪ নং আইন) এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) ‘আইন’ অর্থ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ (২০১৬ সনের ৪ নং আইন);
- (খ) ‘তহবিল’ অর্থ আইনের ধারা ১১ এর উল্লিখিত ট্রাস্টের তহবিল;
- (গ) ‘প্রধান নির্বাহী’ অর্থ ট্রাস্টের প্রধান নির্বাহী;
- (ঘ) ‘ফেলো বাচাই নীতিমালা’ অর্থ সরকারের অনুমোদনক্রমে ট্রাস্ট বোর্ড কর্তৃক প্রণীত ফেলো বাচাই নীতিমালা;
- (ঙ) ‘বাচাই কমিটি’ অর্থ আইনের ধারা ৯ অনুযায়ী ট্রাস্ট বোর্ড কর্তৃক গঠিত কমিটি;
- (চ) ‘ভাইস-চেয়ারম্যান’ অর্থ ট্রাস্ট বোর্ডের ভাইস-চেয়ারম্যান;
- (ছ) ‘সদস্য সচিব’ অর্থ ট্রাস্ট বোর্ডের সদস্য সচিব।

(৯৪৭)

মূল্য : টাকা ৪.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। তহবিলের অর্থ ব্যয়ের ক্ষেত্রসমূহ।—আইনের ধারা ১১ এর বিধান সাপেক্ষে, তহবিলের অর্থ নিম্নরূপ কর্মসূচিতে ব্যয় করা যাইবে, যথা :—

(ক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে দেশে-বিদেশে উচ্চ শিক্ষার জন্য ফেলোশিপ প্রদান ;

তবে শর্ত থাকে যে, ফেলো বাছাই নীতিমালার আলোকে বাছাই কমিটির মাধ্যমে ফেলো নির্বাচন করিতে হইবে এবং সরকারের অনুমোদনক্রমে ট্রাস্ট বোর্ড কর্তৃক নির্দেশিত ক্ষেত্রে এবং সময়ে সময়ে ধার্যকৃত হারে ও নির্দিষ্ট মেয়াদের জন্য উক্ত ফেলোশিপ প্রদান করা হইবে;

(খ) ট্রাস্টের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতাসহ ট্রাস্টের যাবতীয় পরিচালন ব্যয়;

(গ) ফেলোদের কার্যক্রম তত্ত্বাবধান এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানের সহিত যোগাযোগের জন্য প্রযোজ্য ব্যয়;

(ঘ) ফেলোদের উচ্চ শিক্ষা সমাপনান্তে গবেষণার ফলাফল নিয়ে সেমিনার-সিম্পোজিয়ামের আয়োজন ও গবেষণা কর্মের প্রকাশনা;

(ঙ) ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কোন ব্যয়।

৪। তহবিল পরিচালনা।—(১) ট্রাস্টের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য ট্রাস্ট বোর্ডের অনুমোদনক্রমে প্রধান নির্বাহীর নামে তফসিলভুক্ত এক বা একাধিক ব্যাংকে হিসাব খোলা যাইবে এবং ট্রাস্ট বোর্ডের সিদ্ধান্তক্রমে প্রধান নির্বাহীর একক স্বাক্ষরে ফেলোশিপের চেক প্রদান করা যাইবে।

(২) ট্রাস্ট বোর্ডের অনুমোদনক্রমে নির্দিষ্ট পরিমাণ নগদ অর্থ ট্রাস্টের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সংরক্ষণ করিতে পারিবে, যাহা প্রধান নির্বাহীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ফেলোশিপ প্রদানসহ অন্যান্য ক্ষেত্রে ব্যয় করা যাইবে।

৫। রিজার্ভ ফান্ড।—আইনের ধারা ১১ এর উপ-ধারা (৮) অনুযায়ী ট্রাস্টের একটি রিজার্ভ ফান্ড থাকিবে এবং উহা হইতে অর্জিত সুদ দ্বারা ট্রাস্টের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল হক খান
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd